

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩০

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ৬. যিনি সম্পদের এক তৃতীয়াংশেরও অধিক ওয়াসীয়াত করেন - এমন ব্যক্তি সম্পর্কে

باب فِي الَّذِي يُوصِي بِأَكْثَرَ مِنْ الثُّلُثِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ قَالَ سَأَلْتُ الْحَكَمَ وَحَمَّادًا عَنْ الْأَوْلِيَاءِ يُجِيزُونَ الْوَصِيَّةَ فَإِذَا مَاتَ لَمْ يُجِيزُوا قَالَا لَا يَجُوزُ

বাংলা

৩২৩০. শু'বাহ বর্ণনা করেন, তিনি বলেন, আমি হাকাম ও হাম্মাদ কে জিজ্ঞাসা করলাম যে, কোনো (জীবিত অবস্থায় কোনো লোকের) ওলীগণ (তার অভিভাবকগণ) ওয়াসীয়াতকে অনুমোদন করলো, এরপর লোকটি মৃত্যু বরণ করলে তারা যদি তা অনুমোদন না করে (তথা অস্বীকার করে)? উত্তরে তারা উভয়ে বলেন, তা (ওয়াসীয়াত) বৈধ হবে না।[1]

## ফটনোট

[1] তাহকীক: এর সনদ হাকাম ইবনু উতাইবাহ ও হাম্মাদ পর্যন্ত সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/১৫২ নং ১০৭৭৭ হাম্মাদ বলেন, তারা তা হতে প্রত্যাবর্তন করতে পারবে না।' আর হাকাম বলেন: যদি তারা চায় তবে ফিরে আসতে পারবে।'

সাঈদ ইবনু মানসূর নং ৩৮৯ হাকাম সূত্রে ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু হতে অনুরূপ উদ্ধৃত করেছেন, তবে হাকাম ইবনু মাসউদের সাক্ষাত পাননি, ফলে সনদটি মুনকাতি'। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শু'বা (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন